গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা ও দায়রা জজের কার্যালয়
রংপুর।

**অফিস আদেশ ঃ**

http://rangpur.judiciary.org.bd/

নং ঃ ১৮৩/২০২২ তারিখ ঃ ১৩/০৯/২০২২ খ্রিঃ।

**বিষয় ঃ** রংপুর জজ আদালতের বেঞ্চ সহকারী জনাব মোঃ আব্দুল জব্বার এর উন্নত চিকিৎসার জন্য বহিঃবাংলাদেশ ভারত গমনের অনুমতিসহ ১৫(পনের) দিনের অর্জিত ছুটি মঞ্জুর প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রক্ষিতে রংপুর জজ আদালতের বেঞ্চ সহকারী জনাব মোঃ আব্দুল জব্বার এর আবেদনের প্রেক্ষিতে তার উন্নত চিকিৎসার নিমিত্ত সম্পূর্ণ নিজস্ব অর্থ ব্যয়ে ভারত গমণের অনুমতিসহ আগামী ১৬/০৯/২০২২ খ্রিঃ তারিখ হইতে ৩০/০৯/২০২২ খ্রিঃ তারিখ পর্যন্ত ১৫(পনের) দিন অথবা যাত্রার তারিখ হইতে ১৫(পনের) দিন অর্জিত ছুটি মঞ্জুরীর আবেদনের প্রেক্ষিতে অত্রাদালতের হিসাবরক্ষকের প্রতিবেদনসহ প্রশাসনিক কর্মকর্তার প্রতিবেদন দেখিলাম ও পর্যালোচনা করিলাম। হিসাবরক্ষকের প্রতিদেন অনুযায়ী সংশ্লিষ্ট কর্মচারীর পূর্ণগড় বেতনে সর্বমোট ০৩ বছর ০৮ মাস অর্জিত ছুটি পাওনা রহিয়াছে।

এমতাবস্থায়, হিসাবরক্ষকের প্রতিবেদনসহ প্রশাসনিক কর্মকর্তার প্রতিবেদনের আলোকে রংপুর জেলা জজ আদালতের বেঞ্চ সহকারী জনাব মোঃ আব্দুল জব্বার-কে নিজস্ব অর্থ ব্যয়ে তার উন্নত চিকিৎসার জন্য ভারত গমনের অনুমতিসহ আগামী ১৬/০৯/২০২২ খ্রিঃ তারিখ হইতে ৩০/০৯/২০২২ খ্রিঃ তারিখ পর্যন্ত ১৫(পনের) দিন অথবা যাত্রার তারিখ হইতে ১৫(পনের) দিন বহিঃবাংলাদেশ ছুটি (পূর্ণগড় বেতনে অর্জিত ছুটি) মঞ্জুর পূর্বক কর্মস্থল ত্যাগের অনুমতি প্রদান করা হইল। প্রস্তাবিত এই বিদেশ ভ্রমণে সরকার দেশীয় কিংবা বৈদেশিক মুদ্রায় কোন অর্থ ব্যয় করিবে না।

এই মর্মে তার চাকুরী খতিয়ান বহিতে প্রয়োজনীয় নোট লিপিবদ্ধ করা হউক।

সংশ্লিষ্ট সকলকে অবহিত করানো হউক।

স্বাক্ষরিত
(মোঃ শহীদুল ইসলাম)
সিনিয়র জেলা ও দায়রা জজ
রংপুর।

স্মারক নং ঃ জেঃজঃরং-৩৭৭(১০)/২০২২ তরিখ ঃ ১৩/০৯/২০২২ খ্রিঃ।

**অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল ঃ**

১। বিজ্ঞ ভারপ্রাপ্ত জজ, হিসাব বিভাগ, জেলা জজ আদালত, রংপুর।
২। বিজ্ঞ বিচারক (যুগ্ম জেলা জজ) ল্যান্ড সার্ভে ট্রাইব্যুনাল, রংপুর ও চেয়ারম্যান, জেলা আদালত বাতায়ন হালনাগাদ করণ কমিটি, রংপুর।
৩। ইমিগ্রেশন অফিসার, হযরত শাহজালাল (রহঃ) আন্তঃর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
৪। ইমিগ্রেশন অফিসার, স্থলবন্দর, বেনাপোল, যশোর/বাংলাবান্ধা, পঞ্চগড়/হিলি, দিনাজপুর/বুড়িমারী, লালমনিরহাট, বাংলাদেশ।
৫। জনাব মোঃ আব্দুল জব্বার, বেঞ্চ সহকারী, জেলা জজ আদালত, রংপুর।
৬। আদেশ বহি/অফিস ফাইল।

১৩/৯/2022

(মোঃ শহীদুল ইসলাম)
সিনিয়র জেলা ও দায়রা জজ
রংপুর।